হোয়াটসঅ্যাপে আসছে নতুন ফিচার,এখন থেকে পাঠানো যাবে 'মোশন ফটো'



সংগৃহীত ছবি

বিশ্বজুড়ে অন্যতম জনপ্রিয় মেসেজিং প্ল্যাটফর্ম হোয়াটসঅ্যাপ। বিনা মূল্যে বার্তা আদান-প্রদান, অডিও–ভিডিও কল, ছবি ও ভয়েস মেসেজ পাঠানোর সুবিধার কারণে এটি কোটি ব্যবহারকারীর নিত্যদিনের সঙ্গী হয়ে উঠেছে। ব্যবহারকারীদের আগ্রহের কথা মাথায় রেখে এবার আরও নতুন একটি ফিচার আনছে প্রতিষ্ঠানটি— 'মোশন ফটো' পাঠানোর সুযোগ।

এই ফিচার চালু হলে কোনো ছবির সঙ্গে সেই মুহূর্তের আশপাশের পরিবেশ ও শব্দও ধরা পড়বে। অর্থাৎ, ছবি তোলার আগে ও পরের কয়েক সেকেন্ডের দৃশ্য এবং শব্দ রেকর্ড হয়ে পাঠানো যাবে। এতে ছবি শুধু স্থির ভিজ্যুয়াল হিসেবে নয়, বরং একটি ক্ষুদ্র জীবন্ত মুহূর্ত হিসেবে অন্যদের কাছে পৌঁছাবে।

হোয়াটসঅ্যাপ ফিচার ট্র্যাকার ওয়েবিটাইনফোর তথ্যমতে, বিটা ভার্সন ২.২৫.২২.২৯–এ ইতিমধ্যেই এই ফিচারটি পরীক্ষা চালানো হচ্ছে এবং কিছু বিটা ব্যবহারকারী সুবিধাটি পাচ্ছেন। প্রকাশিত স্ক্রিনশট অনুযায়ী, গ্যালারি থেকে ছবি বাছাই করার সময় একটি নতুন আইকন দেখা যাবে— প্লে বোতাম ঘিরে একটি রিং এবং ভেতরে ছোট বৃত্তসহ। এই আইকনে চাপ দিলেই ছবি মোশন ফটো আকারে পাঠানো যাবে।

তবে মোশন ফটো তৈরি করতে স্মার্টফোনে ইন–বিল্ট মোশন ফটো ধারণের সুবিধা থাকতে হবে। যদিও এই সুবিধা না থাকলেও অন্যদের পাঠানো মোশন ফটো দেখা যাবে কোনো সমস্যা ছাড়াই।

LENS ASIA